অধ্যায় ০৩ চল তড়িৎ

➢ এইচএসসি বোর্ড পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ গাণিতিক টাইপসমূহ:

গুরুত্ব	গাণিতিক টাইপ	বোর্ড পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
		MCQ	CQ
✪✪✪	Type-01: রোধ ও রোধের সমবায়	RB'22, 21, 19; BB'22, 17; JB'22, 21,19; CB'22, 21; DB'21, 19, 17; Din.B'21, 17; MB'21; All B'18, Ctg.B'17	RB'21;MB'21, SB'19; JB'19; Ctg.B'17;
✪✪✪	Type-02: বর্তনীতে ওহমের সূত্র প্রয়োগ সম্পর্কিত	Ctg.B'22, 21, 17; CB'22, 21; RB'21, 19, 17; SB'21; Din.B'21, 17; MB'21; DB'19, 17; JB'19; BB'17;	DB'22, 21, 17; RB'22, 21, 17; Ctg.B'22, 21, 17; BB'22, 17; JB'22, 21, 19; Din.B'22, 21, 19; MB'22, 21; SB'21; CB'21
✪✪✪	Type-03: বিদ্যুৎ কোষের সমবায়	DB'21; SB'21; RB'17	JB'22, 21; MB'21; DB'19; Din.B'19
✪✪✪	Type-04: কির্শফের সূত্র	Ctg.B'19; SB'19; BB'17	MB'22, 21; SB'21; Ctg.B'19; All B'18
✪✪✪	Type-05: হুইটস্টোন ব্রীজ নীতি	CB'22, 19, 17; JB'21; SB'19	CB'22; SB'21, 17; Din.B'21; BB'19
✪	Type-06: মিটার ব্রীজ	DB'22; JB'21; Ctg.B'17	-
✪✪✪	Type-07: অ্যামিটারের পাল্লা বৃদ্ধি	RB'22,21; MB'22; DB'21; SB'21; BB'21; Din.B'21; Ctg.B'19	Ctg.B'21; BB'21, 17; Din.B'21
✪✪✪	Type-08: জুলের তাপীয় ক্রিয়ার সূত্র	DB'22; Ctg.B'22, 21; BB'22, 17; CB'22, 21; Din.B'22; SB'21; MB'21	RB'22, 21; BB'22, 21; Din.B'22; DB'21; JB'21; SB'19
✪✪✪	Type-09: বৈদ্যুতিক শক্তি, ক্ষমতা	RB'22, 21; SB'22, 17; BB'22, 19	SB'22; RB'21; CB'21

Type-01: রোধ ও রোধের সমবায়

➲ **Concept:**

♦ **আপক্ষিক রোধ সংক্রান্ত সমস্যা:**

➢ কোন পরিবাহীর রোধ চারটি বিষয়ের উপর নির্ভর করে, যথা:

(i) পরিবাহীর দৈর্ঘ্য (ii) পরিবাহীর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল (iii) পরিবাহীর উপাদান (iv) পরিবাহীর তাপমাত্রা

♦ পরিবাহীর আপেক্ষিক রোধ কেবল দুটি বিষয়ের উপর নির্ভরশীল, যথা: (i) পরিবাহীর উপাদান (ii) পরিবাহীর তাপমাত্রা



Applied formula: $\frac{R_1}{R_2} = \frac{\rho_1}{\rho_2} \times \frac{L_1}{L_2}\frac{A_2}{A_1}$

(ভিন্ন উপাদানের দুটি পরিবাহীর ক্ষেত্রে)



Applied formula: $\frac{R_1}{R_2} = \frac{L_1}{L_2} \times \frac{A_2}{A_1}$

(একই উপাদানের পরিবাহীর ক্ষেত্রে)

কোন পরিবাহীকে টেনে n গুণ লম্বা করা হলেঃ পরিবর্তিত রোধ $= n^2 \times$ আদি অবস্থার রোধ

লক্ষণীয়: এসকল সমস্যা সমাধানে আয়তন ধ্রুবক ধরা হয়।

- **রোধের উপর তাপমাত্রার প্রভাব সম্পর্কিত সমস্যা:**

যদি কোনো পরিবাহীর রোধ 0°C ও θ°C তাপমাত্রায় যথাক্রমে R_0 ও R_θ হয়, তাহলে,

$R_\theta = R_0\,(1+\alpha\theta)$ $\therefore\ \alpha = \frac{R_\theta - R_0}{R_0\theta}$; α = রোধের তাপমাত্রা সহগ।

মনে রাখতে হবে, তাপমাত্রা বৃদ্ধিতে অর্ধপরিবাহী বা সেমিকন্ডাক্টরের রোধ হ্রাস পায়।

এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় হল R_0। R_0 হল একটি নির্দিষ্ট তাপমাত্রায় রোধ। যেমন আমরা 0°C তাপমাত্রায় রোধ ধরেছি। আর এই নির্দিষ্ট তাপমাত্রার ওপর α এর মান নির্ভর করে।

লক্ষণীয়: সেমিকন্ডাক্টর ব্যতীত α এর মান সর্বদা ধনাত্মক হয়।

- **তুল্যরোধ নির্ণয়:**



তিনটি রোধের তুল্যরোধ R_s হলে $R_s = R_1 + R_2 + R_3$

n সংখ্যক রোধ শ্রেণি সমবায়ে যুক্ত থাকলে তুল্যরোধ

$R_s = R_1 + R_2 + R_3 + \ldots\ldots\ldots + R_n$



তিনটি রোধের তুল্যরোধ R_p হলে, $R_p = (R_1^{-1} + R_2^{-1} + R_3^{-1})^{-1}$

n সংখ্যক রোধ সমান্তরাল সমবায়ে যুক্ত থাকলে তুল্যরোধ,

$R_p = (R_1^{-1} + R_2^{-1} + R_3^{-1} + \ldots\ldots\ldots + R_n^{-1})^{-1}$

গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01. একই উপাদানে তৈরি দুটি পরিবাহী তারের দৈর্ঘ্য যথাক্রমে 3 m ও 6 m এবং ব্যাসার্ধ যথাক্রমে 1 cm ও 0.5 cm. এদের আপেক্ষিক রোধের অনুপাত কত? **[RB'22]**

(a) 1 : 8 (b) 1 : 4 (c) 1 : 1 (d) 4 : 1

সমাধান: (c); একই উপাদানে তৈরি হলে আপেক্ষিক রোধ ধ্রুবক।

02. তাপমাত্রা স্থির রেখে একটি তারকে টেনে 3 গুণ করা হলে রোধ কতগুণ হবে? **[RB'22]**

(a) অপরিবর্তিত (b) 3

(c) 9 (d) 27

সমাধান: (c); $R' = n^2R = 3^2 \times R = 9\,R$

03. 

চিত্রে M ও N বিন্দুর মধ্যে তুল্য রোধের মান- **[BB'22]**

(a) 4 Ω (b) 8.75 Ω (c) 10 Ω (d) 13.33 Ω

সমাধান:(c);



04. পরিবাহীর ক্ষেত্রে P ও T এর মধ্যে সম্পর্ক কীরূপ? **[JB'22]**

(a) 

(b) 

[Ans: b]

(c) 

(d) 

নিচের চিত্রের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



05. বর্তনীর তুল্য রোধ কত? **[CB'22]**

(a) 12 Ω (b) 18 Ω (c) 24 Ω (d) 32 Ω

সমাধান: (c); তুল্য রোধ, $R_{eq} = \left(\frac{1}{12} + \frac{1}{10+2}\right)^{-1} + 18 = (6 + 18)\Omega = 24\Omega$

06. উদ্দীপকের বর্তনীর সমতুল্য বর্তনী নিচের কোনটি? **[DB'21]**

(a) 

(b) 

[Ans: b]

(c) 

(d) 

07. বর্তনীর তুল্য রোধ কত হবে? **[RB'21]**

(a) 6.66Ω (b) 5.45Ω (c) 30Ω (d) 60Ω

সমাধান:(b); তুল্যরোধ= $(10^{-1} + 20^{-1} + 30^{-1}) = 5.45\Omega$

08. একটি তারকে সমান দুইভাগ করলে– **[RB'21][Ans: d]**

(a) আপেক্ষিক রোধ কমে যায়

(b) আপেক্ষিক রোধ বেড়ে যায়

(c) বৈদ্যুতিক পরিবাহকত্ব কমে যায়

(d) আপেক্ষিক রোধ একই থাকে

09. পরিবাহীর তাপমাত্রার সাথে পরিবাহিতার সম্পর্ক নিচের কোন চিত্রটি সঠিক? **[JB'21]**

(a)

(b)

(c)

(d)

সমাধান (b); পরিবাহীতা রোধের ব্যস্তানুপাতিক এবং রোধ তাপমাত্রার পরিবর্তনের সাথে সমানুপাতিকভাবে বৃদ্ধি পায়। অর্থাৎ পরিবাহীতা তাপমাত্রার ব্যস্তানুপাতিক।

10. কোনো পরিবাহীর দৈর্ঘ্য দ্বিগুণ ও ব্যাসার্ধ অর্ধেক করলে চূড়ান্ত রোধ হবে প্রাথমিক রোধের কত গুণ? **[CB'21]**

(a) দ্বিগুণ (b) চার গুণ (c) আট গুণ (d) বার গুণ

সমাধান: (c); $R \propto \frac{\ell}{r^2} = \frac{R_1 r_1^2}{\ell_1} = \frac{R_2 r_2^2}{\ell_2} \Rightarrow \frac{R_2}{R_1} = \frac{r_1^2 \ell_2}{r_2^2 \ell_1}$

$\Rightarrow R_2 = 8R_1$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



11. A I B বিন্দুর তুল্যরোধ কত? **[Din.B'21][Ans: c]**

(a) 40 Ω (b) 20 Ω (c) 10 Ω (d) 5 Ω

12. একটি পরিবাহী তারের দৈর্ঘ্য দ্বিগুণ ও প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অর্ধেক করলে উহার রোধ হবে? **[MB'21]**

(a) অর্ধেক (b) দ্বিগুণ

(c) চারগুণ (d) পরিবর্তন হবে না

সমাধান: (c); $R \propto L$ এবং $R \propto \frac{1}{A}$

13. তাপমাত্রা অপরিবর্তিত রেখে একটি তারকে টেনে 2 গুণ লম্বা করলে রোধ 4 গুণ হয়। তারটির আপেক্ষিক রোধ হবে–

(a) চারগুণ (b)দ্বিগুণ **[DB'19]**

(c) অপরিবর্তিত (d) এক-চতুর্থাংশ

সমাধান:(c); $R = \rho\frac{L}{A}$, ρ তাপমাত্রা স্থির থাকলে স্থির থাকবে।

14. 

[RB'19][Ans: c]

নিচের কোন দুটি বিন্দুর মধ্যকার রোধ সর্বোচ্চ?

(a) A ও B (b)C ও D (c) B ও D (d) D ও A

নিচের চিত্রের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও :



15. বর্তনীর তুল্য রোধ কত? **[JB'19]**

(a) 3.33 Ω (b)1.33 Ω (c) 0.75 Ω (d) 0.33 Ω

সমাধান: (a); $R_{eq} = [\{(2+2)^{-1} + 2^{-1}\}^{-1} + 2]\Omega$

$= 3.33\Omega$

16. একটি তারের রোধ 2 ওহম। এ তারটির উপাদান ঠিক রেখে দৈর্ঘ্য দ্বিগুণ করে যে রোধ পাওয়া যাবে- **[All B'18]**

(a) 1 ওহম (b) 2 ওহম (c) 3 ওহম (d) 4 ওহম

সমাধান: (d); $R \propto L$

17. 

বর্তনীতে মোট রোধ কত হবে? **[DB'17][Ans: c]**

(a) $\frac{1}{3}$R (b) $\frac{1}{2}$R (c) $\frac{5}{6}$R (d) 5R

18. 

চিত্রে তড়িৎ প্রবাহের মান কত?

[DB'17][Ans: a]

(a) 1A (b) 2A (c) 2.2A (d) 2.5A

সমাধান: (b); $I = \frac{V}{R+r} = \frac{11}{5+.5} = 2A$

19. তাপমাত্রার সাথে পরিবাহকের রোধের পরিবর্তন নিচের কোন লেখচিত্রটি নির্দেশ করে? [Ctg.B'17][Ans: c]



20. 

[BB'17]

বর্তনীর A এবং B বিন্দুতে তুল্যরোধ কত?

(a) 6Ω (b) 4Ω (c) $\frac{3}{2}\Omega$ (d) $\frac{2}{3}\Omega$

সমাধান: (d);





তুল্য রোধ, $R = \left(\frac{1}{2}+\frac{1}{2}+\frac{1}{2}\right)^{-1} = \frac{2}{3}\Omega$

$R_1 = 4\Omega$ $R_2 = 6\Omega$

21. 

[Din.B'17][Ans: c]

বর্তনীর তুল্য রোধ হল-

(a) 0.05Ω (b) 0.20Ω (c) 5.0Ω (d) 20Ω

গাণিতিক CQ প্রশ্ন ও সমাধান

01. উদ্দীপকের বর্তনীটির প্রবাহমাত্রা নির্ণয়ের জন্য অ্যামিটারের পাঠ নেয়া হলো। পরবর্তীতে 5Ω রোধের একটি পরিবাহী তারকে B ও C বিন্দুতে যুক্ত করে পুনরায় অ্যামিটারের পাঠ নেওয়া হলো। [RB'21]



(গ) প্রথম ক্ষেত্রে বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর। ৩

সমাধান

গ. এখানে, $R_1 \parallel R_2 \therefore R_P = \left(\frac{1}{R_1}+\frac{1}{R_2}\right)^{-1} = 6.67\Omega$

আবার, R_3 ও R_P শ্রেণিতে সংযুক্ত

$\therefore R_S = R_3 + R_P = 36.67\Omega$

∴ বর্তনীর তুল্যরোধ 36.67Ω

02. 2V তড়িচ্চালক শক্তি ও 1Ω অন্তঃরোধবিশিষ্ট 5টি তড়িৎ কোষকে শ্রেণিতে সাজিয়ে 25°C তাপমাত্রার 60Ω রোধবিশিষ্ট একটি পরিবাহী তারের সাথে যুক্ত করা হলো। পরিবাহী তারে রোধের উষ্ণতার গুণাঙ্ক $4.2 \times 10^{-3}/°C$। [MB'21]

(গ) 100°C তাপমাত্রায় পরিবাহী তারটির রোধ নির্ণয় কর। ৩

সমাধান

গ.

$R_{25} = R_0(1+\alpha\theta) \Rightarrow R_0 = 54.3\Omega$

আবার, $R_{100} = R_0(1+\alpha\times 100) = 77.106\Omega$ (Ans)

দেওয়া আছে,

$\alpha = 4.2 \times 10^{-3}/°C$

$R_{25} = 60\Omega$; $\theta = 25$; $R_0 = ?$; $R_{100} = ?$

03. স্বাভাবিক তাপমাত্রায় (25°C) টাংস্টেন তারের রোধ 65 Ω। এরূপ তার দিয়ে দুটি বৈদ্যুতিক হিটারের কুণ্ডলী তৈরি করে বৈদ্যুতিক লাইনের সাথে (220V) সমান্তরালে যুক্ত করা হলো। এতে কুণ্ডলী তারের তাপমাত্রা 250°C-এ উন্নীত হলো। ১ম কুণ্ডলী তারের দৈর্ঘ্য ও ব্যাস উভয়ই ২য় কুণ্ডলীর তুলনায় দ্বিগুণ। টাংস্টেন রোধের উষ্ণতা গুণাঙ্ক ($\alpha = 4.5 \times 10^{-3}°C^{-1}$)। [SB'19]

(গ) 250°C-এ টাংস্টেন তারের রোধ কত হবে? ৩

সমাধান

গ. $R_{250} = R_o[1 + \alpha \times (250 - 0)] = R_o[1 + 250\alpha]$

$R_{25} = R_o[1 + 25\alpha]$; $\frac{R_{250}}{R_{25}} = \frac{1+250\alpha}{1+25\alpha}$ $\therefore R_{250} = \frac{1+250\alpha}{1+25\alpha} \times R_{25} = 124.16\Omega$

04. 

[JB'19]

(গ) বর্তনীর তুল্য রোধ নির্ণয় কর। ৩

সমাধান

গ. 8Ω, 6Ω ও 12Ω রোধ তিনটি সমান্তরালে যুক্ত এবং এর সাথে 2Ω ও 1.2Ω রোধ শ্রেণিতে যুক্ত।

∴ তুল্য রোধ, $R_{eq} = \{(8^{-1} + 6^{-1} + 12^{-1})^{-1} + 2 + 1.2\}\Omega = 5.867\Omega$

05. 

[Ctg.B'17]

P ও Q দুটি বর্তনী যার প্রত্যেকটিতে রোধযুক্ত তারের দৈর্ঘ্য 0.5m এবং ব্যাসার্ধ 0.2cm। বর্তনী দুটিতে একই সময় ধরে তড়িৎ প্রবাহিত হচ্ছে।

(গ) উদ্দীপক অনুসারে যে কোনো তারের আপেক্ষিক রোধ নির্ণয় কর। ৩

সমাধান

গ. এখানে, তারের দৈর্ঘ্য, L = 0.5 m

তারের ব্যাসার্ধ, $r = 0.2\ cm = 2 \times 10^{-3}m$

তারের রোধ, $R = 100\Omega$

আপেক্ষিক রোধ, $\rho = ?$

আমরা জানি, $\rho = \frac{RA}{L} = \frac{R \times \pi r^2}{L} = \frac{100 \times 3.14 \times (2 \times 10^{-3})^2}{0.5} = 2.512 \times 10^{-3}\Omega$

Type-02: বর্তনীতে ওহমের সূত্র প্রয়োগ সম্পর্কিত

Concept:

$I = \frac{E}{R+r}$

R = বহিঃস্থ রোধ

I = তড়িৎ প্রবাহ

r = অভ্যন্তরীণ রোধ

E = তড়িৎ চালক শক্তি



- বর্তনীর তুল্য রোধ নির্ণয় কর (R_e)।
- বর্তনীর মূল কারেন্ট (কোষ যে কারেন্ট সরবরাহ করে) নির্ণয় কর।
- সরাসরি ওহমের সূত্র প্রয়োগ করে ক্ষেত্রবিশেষ Potential divider rule বা Current divider rule প্রয়োগ করা যেতে পারে।

Voltage divider rule	Current divider rule
 ; V = IR. কোন রোধের দুই প্রান্তে বিভব পার্থক্য $= \frac{\text{ঐ রোধের মান}}{\text{শ্রেণি সংযোগের তুল্যরোধের মান}} \times$ মোট তড়িৎ প্রবাহ $V_1 = \frac{R_1}{R_s} \times V;\ V_2 = \frac{R_2}{R_s} \times V;\ V_3 = \frac{R_3}{R_s} \times V$	 কোন রোধের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের মান $= \frac{\text{সমান্তরাল সংযোগের তুল্যরোধের মান}}{\text{ঐ রোধের মান}} \times$ মোট প্রবাহ $I_1 = \frac{R_p}{R_1} \times I;\ I_2 = \frac{R_p}{R_2} \times I;\ I_3 = \frac{R_p}{R_3} \times I$ দুটি রোধের জন্য, $I_1 = \frac{R_2}{R_1+R_2} \times I;\ I_2 = \frac{R_1}{R_1+R_2} I$

গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01.  **[Ctg.B'22][Ans: c]**

প্রদত্ত বর্তনীর A ও B বিন্দুর বিভব পার্থক্য কত?

(a) 1.50 V (b) 1.82 V (c) 2 V (d) 5 V

সমাধান: (c); $R_{eq} = \left(\frac{1}{4}+\frac{1}{4}\right)^{-1} + 3 = 5\Omega$

$\therefore I = \frac{E}{R_{eq}} = \frac{10}{5} = 2A;\ V' = 10 - 2 \times 3 = 4\ V$

$V_A = 4 - 1 \times 1 = 3V;\ V_B = 4 - 1 \times 3$
$= 1V; V_{AB} = V_A - V_B = (3-1) = 2V$

02. 18 Ω রোধের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের মান কত? **[CB'22]**

(a) 0.1 Amp (b) 0.2 Amp (c) 0.3 Amp (d) 0.4 Amp

সমাধান: (b); $I = \frac{E}{R_{eq}} = \frac{5}{24}$ Amp
$= 0.2083$ Amp ≈ 0.2Amp

03. 30Ω রোধের মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে? **[RB'21]**

(a) 2.2A (b) 1.2A (c) 0.6A (d) 0.4A

সমাধান: (d); $I_{30} = \frac{12}{30} = 0.4A$

04. নিচের কোন লেখচিত্রটি ওহমের সূত্র মেনে চলে- **[Ctg.B'21]**

(a) 
(b) 
(c) 
(d) 

সমাধান (a); $I \propto V$

05.  **[Ctg.B'21]**

বর্তনীর 4Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য হবে–

(a) 1 Volt (b) 2 Volt (c) 3 Volt (d) 4 Volt

[Note: প্রশ্নটি অসম্পূর্ণ। E এর মান দেওয়া নেই]

সমাধান (d); ধরি, E = 9V, তাহলে, $I = \frac{E}{R_2+R_4+R_3}$

$I = 1 \therefore V_4 = IR_4 = 1 \times 4 = 4V$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



উদ্দীপকের বর্তনীতে (60W – 220V) লেখা দুইটি বাল্ব লাগানো আছে।

06. প্রতিটি বাল্বের ফিলামেন্টের রোধ কত? **[SB'21]Ans: a]**

(a) 806.67Ω (b) 666.67Ω
(c) 11.67Ω (d) 3.33Ω

07. S সুইচ অন-করলে অ্যামিটারের পাঠ হবে পূর্বের- **[SB'21]**

(a) $\frac{1}{4}$ গুণ (b) $\frac{1}{2}$ গুণ (c) 2 গুণ (d) 4 গুণ

সমাধান (c); $I \propto \frac{1}{R}$; $R_P = \left(\frac{1}{R}+\frac{1}{R}\right) = \frac{R}{2}$

08. 

বর্তনীতে তড়িৎপ্রবাহ কত? [BB'21]

(a) 4A (b) 3A (c) 2A (d) 1A

সমাধান (c); $R_{eq} = 4 + (6^{-1} + 3^{-1})^{-1} = 6\Omega$

$$I = \frac{12}{6} = 2A$$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



09. বর্তনীর মোট প্রবাহমাত্রা- [CB'21]

(a) 0.5 amp (b) 1 amp (c) 2 amp (d) 10 amp

সমাধান: (c); $R_p = (R_1^{-1} + R_2^{-1})^{-1} = 5$

$$I = \frac{E}{R_p} = \frac{10}{5} = 2A$$

10. R_2 রোধকের দুপ্রান্তের বিভব পার্থক্য- [CB'21][Ans: b]

(a) 5 V (b) 10 V (c) 20 V (d) 40 V

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



11. অ্যামিটার (A) এর পাঠ কত পাওয়া যাবে? [Din.B'21]

(a) 1 A (b) 0.9 A (c) 0.5 A (d) 0.2 A

সমাধান (b); $I = \frac{E}{R_{eq}+r} = \frac{10}{10+1} = 0.909A$

12. ও'হমের সূত্র অনুসারে নিচের গ্রাফের ঢাল কোন রাশি নির্দেশ করে? [Din.B'21]



(a) রোধ (b) আপেক্ষিক রোধ

(c) পরিবাহিতা (d) পরিবাহিতাংক

সমাধান (c); এখানে ঢাল $= \frac{I}{V} = \frac{1}{R}$

13. 

[MB'21]

বর্তনীর 4Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য হবে-

(a) 1 Volt (b) 2 Volt (c) 3 Volt (d) 4 Volt

সমাধান: (d); $R_{eq} = 9\Omega$; $V = 4 \times 1$

$$I = \frac{9}{9} = 1A = 4 \text{ volt}$$

14. নিচের কোন লেখচিত্রটি ওহমের সূত্র মেনে চলে? [MB'21]



সমাধান: (a); $I \propto V$

নিচের চিত্রের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



15. বর্তনীর প্রবাহমাত্রা কত? [DB'19]

(a) 33.33 A (b)1.5 A (c) 0.67 A (d) 0.33 A

সমাধান: (d); $I = \frac{E}{R_1+R_2+R_3} = 0.33$ A

16. যদি A ও B বিন্দুকে একটি পরিবাহী তার দ্বারা সংযুক্ত করা হয় তবে বর্তনীর প্রবাহমাত্রা কত হবে? [DB'19]

(a) 1.5 A (b)1 A (c) 0.67 A (d) 0.33 A

সমাধান: (b); 

; A ও B কে সংযুক্ত করলে R_2 ও R_3 এর মধ্য দিয়ে কোন তড়িৎ প্রবাহিত হবে না। কারণ AB অংশে মূলত 0Ω (পরিবাহী তারের রোধ) ও $(R_2 + R_3)$ বা 20Ω রোধ সমান্তরালে সংযুক্ত।

এদের তুল্য রোধ, $\frac{1}{R_p} = \frac{1}{0} + \frac{1}{20} = \infty + \frac{1}{20} = \infty$



$\therefore R_p = \frac{1}{\infty} = 0$। সুতরাং, তুল্য বর্তনী

$\therefore I = \frac{10}{10}A = 1A$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



17. I এর মান কত? **[RB'19]**
(a) 1 A (b) 2 A (c) 3 A (d) 4 A
সমাধান: (d); 2Ω রোধের দুই প্রান্তে বিভব পার্থক্য,
$V_1 = I_1R_1 = 6V \therefore I_2 = \frac{V_1}{R_2} = \frac{6}{6}A = 1A$
$\therefore I = I_1 + I_2 = 4A$

18. E এর মান কত? **[RB'19]**
(a) 4 V (b) 6 V (c) 9 V (d) 12 V
সমাধান: (d); $E = \{(4 \times 1.5) + 6\}V = 12V$

নিচের চিত্রের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও :



19. বর্তনীর শাখা প্রবাহগুলোর মধ্যে সম্পর্ক হলো– **[JB'19]**
(i) $I_{AB} > I_{CD}$ (ii) $I_{AB} < I_{CD}$ (iii) $I_{PQ} > I_{QE}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii
সমাধান: (সঠিক উত্তর ii);
$I_{QE} = \frac{3}{3.33}A = 0.9A,\ I_{PQ} = 0A$
$I_{AB} = I_{QE} \times \frac{R_{CD}}{R_{CD}+R_{AB}} = 0.3A;\ I_{CD} = I_{QE} - I_{AB} = 0.6A$

20. কোনো বাল্বের ফিলামেন্টের রোধ 50Ω এবং এর দুই প্রান্তের বিভব পার্থক্য 250V হলে বাল্বের ভিতর দিয়ে কত তড়িৎ প্রবাহিত হবে? **[DB'17]**
(a) 2A (b) 4A (c) 5A (d) 8A
সমাধান: (c); $I = \frac{V}{R} = \frac{250}{50} = 5A$

নিচের চিত্র লক্ষ্য কর এবং পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



E = 10V
r = 0.5Ω
চিত্র-১



E = 10V
r = 0.5Ω
চিত্র-২

21. ১নং চিত্রে মূল প্রবাহ কত হবে? **[RB'17]**
(a) 0.95A (b) 0.9524A (c) 1A (d) 1.05A
সমাধান: (b); $R_{eq} = 10\Omega \therefore i = \frac{E}{R_{eq}+r} = \frac{10}{10.5} = 0.9524A$

নিচের উদ্দীপক হতে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



22. তড়িৎ প্রবাহের মানের ক্ষেত্রে কোনটি সঠিক? **[Ctg.B'17]**
(a) $I_2 < I_1 < I$ (b) $I_1 < I_2 < I$
(c) $I_2 < I < I_1$ (d) $I < I_1 < I_2$
সমাধান: (a); যেহেতু, $12\Omega > 6\Omega$ সেহেতু, $I_1 > I_2$

নিচের উদ্দীপকটি পড় এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



23. উদ্দীপকের বর্তনীর মূল তড়িৎ প্রবাহের মান কত? **[BB'17]**
(a) 0.42 A (b) 0.5 A (c) 0.53 A (d) 1.7 A
সমাধান: (b); $I = \frac{E}{R_1+R_2+r} = \frac{8}{8+7+1} = 0.5\ A$

24. উদ্দীপকের বর্তনীতে কত মানের রোধ, কিভাবে R_1 এর সাথে যুক্ত করলে R_2 রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য 2.94V হবে? **[BB'17]**
(a) 3.04Ω শ্রেণিতে (b) 4Ω সমান্তরালে
(c) 15Ω শ্রেণিতে (d) 15Ω সমান্তরালে
সমাধান: (a); $2.94 = \frac{7}{16+r} \times 8 \therefore r = 3.04$ শ্রেণিতে

চিত্র লক্ষ কর এবং পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



চিত্র: ১



চিত্র: ২

25. ১নং চিত্রে মূল প্রবাহ কত হবে? **[BB'17]**
(a) 0.95A (b) 0.9524A (c) 1A (d) 1.05A
সমাধান: (b); $I = \frac{E}{R_{eq}+r} = \frac{10}{10+0.5} = 0.9524\ A$
$[R_{eq} = (20^{-1} + 20^{-1})^{-1} = 10\Omega]$

নিচের বর্তনী চিত্রটি হতে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



26. বর্তনীর মূলপ্রবাহ হল— **[Din.B'17] [Ans: c]**
(a) 0.10 A (b) 0.15 A (c) 0.30 A (d) 1.5 A

27. হারানো ভোল্ট ও প্রাপ্ত ভোল্টের অনুপাত হল– **[Din.B'17]**
(a) 1: 2 (b) 1: 4 (c) 1: 6 (d) 1: 8
সমাধান: (b); $\frac{\text{হারানো ভোল্ট}}{\text{প্রাপ্ত ভোল্ট}} = \frac{Ir}{IR} = \frac{r}{R} = \frac{1}{4} = 1:4$

গাণিতিক CQ প্রশ্ন ও সমাধান

01.



সংযুক্ত অ্যামিটারের অভ্যন্তরীণ রোধ **0.5 Ω**. **[DB'22]**

(গ) বর্তনীর **A** ও **B** বিন্দুর মধ্যবর্তী বিভব পার্থক্য নির্ণয় কর। ৩

(ঘ) বর্তনীর **2 Ω** রোধটি অপসারণ করলে অ্যামিটারের কি পরিবর্তনে প্রবাহমাত্রা পরিমাপ করা যাবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪

সমাধান

গ. A ও Bএর মধ্যকার তুল্যরোধ, $R_P = \left(\frac{1}{R_1} + \frac{1}{R_2} + \frac{1}{R_3}\right)^{-1}$

$= \left(\frac{1}{1} + \frac{1}{2} + \frac{1}{1}\right)^{-1} = 0.4\ \Omega$

$Rs = R_P + R_4 = 0.4 + 2 = 2.4\ \Omega$

বর্তনীর মধ্যকার তড়িৎ প্রবাহ, $I = \frac{E}{r+R_s} = \frac{10}{0.5+2.4}$

$= 3.448\ A$



∴ A ও B বিন্দুর মধ্যকার বিভব পার্থক্য, $V_{AB} = I \times R_{AB}$

$= I \times R_P = 3.448 \times 0.4 = 1.3792\ V$ (**Ans**)

ঘ. 2 Ω অপসারণ করার পর বর্তনীর

তুল্যরোধ, $R = \left(\frac{1}{1} + \frac{1}{2} + \frac{1}{1}\right)^{-1} = 0.4\ \Omega$

∴ বর্তনীর মধ্যকার তড়িৎ প্রবাহ, $I' = \frac{E}{R+r}$

$= \frac{10}{0.4+0.5\ A} = 11.111\ A$



অ্যামিটারের প্রবাহমাত্রা (0 – 5A) তাই পাল্লা বৃদ্ধি করতে হলে অ্যামিটারের সাথে সমান্তরালে অত্যন্ত অল্পমাত্রার রোধযুক্ত করতে হবে।

আমরা জানি, $s = \frac{r}{n-1}$

$= \frac{0.5}{3.22248-1} = 0.225\ \Omega$

এখানে, $n = \frac{I'}{I} = \frac{11.11}{3.448} = 3.22248$

$r = 0.5\ \Omega$

∴ 0.225 Ω রোধ অ্যামিটারের সাথে সমান্তরাল সংযোগ করলে প্রবাহমাত্রা পরিমাপ করা যাবে।

02. **বর্তনীটি লক্ষ কর:** **[RB'22]**



(ঘ) **A** ও **B** বিন্দুর মধ্যে **'40 W–100 V'** এর একটি বাল্ব শ্রেণিতে স্থাপন করলে ইহা পূর্ণ উজ্জ্বলতার সাথে জ্বলবে কিনা- গাণিতিকভাবে যাচাই কর। ৪

সমাধান

ঘ.



দেওয়া আছে,

বাল্বের ক্ষমতা, $P = 40$ W

বিভব পার্থক্য, $V = 100$ V

$\therefore R_4 = \frac{V^2}{P} = \frac{100^2}{40} = 250\ \Omega$

বাল্বটি সাপ্লাই চেইনের সাথে সিরিজে যুক্ত করা তাই R_1 এর সাথে R_4 শ্রেণিতে যুক্ত।

$\therefore$ তুল্যরোধ, $R_{eq} = (R_1 + R_4 + R_2||R_3)$

$= 2 + 250 + \left(\frac{1}{6} + \frac{1}{4}\right)^{-1}\ \Omega = 254.4\ \Omega$

$\therefore$ তড়িৎ প্রবাহ, $I' = \frac{E}{R_{eq}} = \frac{105}{254.4} A = 0.413$ A

$\therefore$ বাল্বের কার্যকর ক্ষমতা, $P' = I'^2 R_4 = 0.413^2 \times 254.4 = 43.34$ W

যেহেতু বাল্বটির কার্যকর ক্ষমতা $P' > P$ বলা যায়, ইহা পূর্ণ উজ্জ্বলতার সাথে জ্বলবে।

03. [Ctg.B'22]



(গ) বর্তনীর প্রবাহ নির্ণয় কর। ৩

(ঘ) R_3 এর সাথে কত মানের রোধ কীভাবে যুক্ত করলে এর ভেতর দিয়ে R_1 এর সমান প্রবাহ পাওয়া যাবে? গাণিতিকভাবে তোমার মতামত দাও। ৪

সমাধান

গ. R_1 ও R_2 সমান্তরালে অবস্থিত তাই, $R_P = \left(\frac{1}{R_1} + \frac{1}{R_2}\right)^{-1}$

$= \left(\frac{1}{10} + \frac{1}{6}\right)^{-1} = 3.75\ \Omega$

R_P ও R_3 শ্রেণিতে অবস্থিত, $\therefore R_{eq} = R_P + R_3$

$= 3.75 + 10 = 13.75\ \Omega$

এখানে, $E = 6$ V

$R_{eq} = 13.75\ \Omega$

আমরা জানি,

তড়িৎ প্রবাহ, $I = \frac{E}{R_{eq}} = \frac{6}{13.75} = 0.436$ A **(Ans.)**



ঘ. R_3 বর্তনীতে R_P এর সাথে শ্রেণিতে যুক্ত আছে। তাই বলা যায়, R_3 এর মধ্য দিয়ে বর্তনীর মধ্যকার তড়িৎ প্রবাহিত হবে।

অর্থাৎ $I = 0.436$ A

অন্যদিকে R_1 ও R_2 সমান্তরাল অবস্থিত

তাই, R_1 এর মধ্যকার তড়িৎ প্রবাহ,

$I_1 = \frac{R_2}{R_1 + R_2} \times I$ [Current divider law]

$= \frac{6}{6+10} \times 0.436 = 0.1635$ A



যেহেতু, $I_1 < I$ তাই বলা যায় R_3 এর সাথে সমান্তরাল রোধ যুক্ত করতে হবে এবং রোধের মান R_4।

$\therefore I_3 = 0.1635\ A, I = 0.436\ A, R_3 = 10\ \Omega$



আমরা জানি, $I_3 = \frac{R_4}{R_3+R_4} \times I$

$\Rightarrow 0.1635\ A = \frac{R_4}{10+R_4} \times 0.436$

$\Rightarrow 0.375(10 + R_4) = R_4$

$\Rightarrow 3.75 + 0.375R_4 = R_4$

$\therefore R_4 = 6\ \Omega$

অর্থাৎ, R_3 এর সাথে $6\ \Omega$ সমান্তরাল যুক্ত করলেই R_3 এর মধ্য দিয়ে R_1 এর সমান প্রবাহ পাওয়া যায়।

04. 

[BB'22]

(গ) প্রদত্ত বর্তনীর মূল তড়িৎ প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

সমাধান

গ. R_1 ও R_2 সমান্তরালে অবস্থিত,

$R_p = \left(\frac{1}{R_1} + \frac{1}{R_2}\right)^{-1} = \left(\frac{1}{6} + \frac{1}{3}\right)^{-1} = 2\ \Omega$

R_p ও R_3 শ্রেণি বর্তনীতে রয়েছে

$\therefore$ তড়িচ্চালক শক্তি, $E = 12\ V$

$\therefore R_{eq} = R_p + R_3 = 2 + 1 = 3\ \Omega$

প্রদত্ত বর্তনীর মূল তড়িৎ প্রবাহ, $I = \frac{E}{R}$

$= \frac{12}{3} = 4\ A$ **(Ans.)**



05. উদ্দীপকে একটি বর্তনী দেখানো হলো: **[JB'22]**



(গ) বর্তনীর মোট প্রবাহ নির্ণয় কর। ৩

সমাধান

গ. R_1 ও R_2 সমান্তরাল সমবায়ে,

তুল্যরোধ R_p হলে, $\frac{1}{R_p} = \frac{1}{R_1} + \frac{1}{R_2} = \frac{1}{6} + \frac{1}{12} = \frac{1}{4} \therefore R_p = 4\ \Omega$

R_p, R_3 ও r শ্রেণি সমবায়ে, তুল্যরোধ R_s হলে, $R_s = R_p + R_3 = 22\ \Omega$

$\therefore$ মোট প্রবাহ, $I = \frac{E}{R_s+r} = \frac{12}{23} A = 0.52A$ **(Ans.)**

06. [Din.B'22]



(গ) বর্তনীটিতে তড়িৎ প্রবাহ I এর মান নির্ণয় কর। ৩

সমাধান

গ. R_2 এবং R_3 সমান্তরালে তুল্যরোধ R_P হলে, $\frac{1}{R_P} = \frac{1}{R_2} + \frac{1}{R_3} = \frac{1}{16} + \frac{1}{12}$

$R_P = 6.85\ \Omega$

R_P ও R_1 শ্রেণিতে তুল্যরোধ R_S হলে, $R_S = R_P + R_1 = (6.85 + 12)\Omega = 18.85\Omega$

তড়িৎ প্রবাহ, $I = \frac{E}{R_S} = \frac{20}{18.85}\ A = 1.06\ A$

07. [MB'22]



চিত্র: ১



চিত্র: ২

(ঘ) চিত্র-২ এ M ও N প্রান্তে চিত্র-১ এ ব্যবহৃত তিনটি রোধককেই কীভাবে বর্তনী সংযোগ দেয়া হলে সর্বোচ্চ তড়িৎ প্রবাহ পাওয়া সম্ভব? বর্তনী চিত্রসহ গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

সমাধান

ঘ. চিত্র-1 এর তিনটি রোধ R_1, R_2 ও R_3 যাদের মান 10Ω তাদের চিত্র-2 এর বর্তনীতে সংযোগ দেওয়া দরকার যেন সর্বোচ্চ তড়িৎ প্রবাহ পাওয়া যায়।

এখন, অভ্যন্তরীণ রোধসহ কোষগুলো সমান্তরাল



তাই বলা যায়, $E = \frac{\frac{E_1}{r_1}+\frac{E_2}{r_2}+\frac{E_3}{r_3}}{\frac{1}{r_1}+\frac{1}{r_2}+\frac{1}{r_3}} = \frac{\frac{10}{1}+\frac{10}{1}+\frac{10}{1}}{\frac{1}{1}+\frac{1}{1}+\frac{1}{1}} = \frac{30}{3} = 10\ V.$

সর্বোচ্চ তড়িৎ প্রবাহ, $I_{max} = \frac{E}{R_{min}}$



R_{min} হতে হলে রোধত্রয় সমান্তরালে রাখতে হবে

অর্থাৎ, $R_{min} = \left(\frac{1}{R_1} + \frac{1}{R_2} + \frac{1}{R_3}\right)^{-1} = \left(\frac{1}{10} + \frac{1}{10} + \frac{1}{10}\right)^{-1} = \frac{10}{3}\ \Omega$

এখন, $I_{max} = \frac{E}{R_{min}} = \frac{10}{\frac{10}{3}} = 3$ **(Ans.)**

∴ সমান্তরাল সমবায়ে রাখলে সর্বোচ্চ তড়িৎ প্রবাহ $I_{max} = 3A$ পাওয়া যাবে।

08. একটি বর্তনীতে **15Ω** ও **20Ω** মানের দুটি রোধককে সমান্তরাল সমবায়ে সাজিয়ে **9 Volt** তড়িচ্চালক শক্তির সাথে যুক্ত করাতে তাতে **1A** তড়িৎ প্রবাহিত হলো। **[DB'21]**

(গ) কোষের অভ্যন্তরীণ রোধের মান কত? ৩

(ঘ) প্রত্যেক রোধকের মধ্যদিয়ে প্রবাহিত প্রবাহমাত্রার মোট মান, মূল প্রবাহের সমান হবে কিনা–গাণিতিকভাবে যাচাই কর। ৪

সমাধান

গ. $R_P = \frac{15\times20}{15+20} = \frac{60}{7}\Omega\,; I = \frac{E}{R_p+r} \Rightarrow 1 = \frac{9}{\frac{60}{7}+r} \Rightarrow r = \left(9-\frac{60}{7}\right)\Omega = \frac{3}{7}\Omega = 0.429\Omega$

ঘ.



$I_{15} = \frac{20}{15+20}\times 1A = \frac{20}{35}A = \frac{4}{7}$ Amp

$I_{20} = \frac{15}{15+20}\times 1A = \frac{3}{7}$ Amp

$\therefore I_{15} + I_{20} = \frac{4}{7} + \frac{3}{7} = 1A = I$

অর্থাৎ সমান হবে।

$I = 1A$

09. **[DB'21]**



চিত্র-১



চিত্র-২

(গ) চিত্র-২ এর বর্তনীতে সর্বোচ্চ বিদ্যুৎ প্রবাহ কত হবে নির্ণয় কর। ৩

সমাধান

গ. রোধ পরিবর্তনশীল। তাই রোধ যখন সর্বনিম্ন তখন বিদ্যুৎ প্রবাহ সর্বোচ্চ।

$\therefore R_{min} = 20\,\Omega\,; I_{max} = \frac{20V}{20\Omega} = 1$ Amp

10. উদ্দীপকের বর্তনীটির প্রবাহমাত্রা নির্ণয়ের জন্য অ্যামিটারের পাঠ নেয়া হলো। পরবর্তীতে **5Ω** রোধের একটি পরিবাহী তারকে **B** ও **C** বিন্দুতে যুক্ত করে পুনরায় অ্যামিটারের পাঠ নেওয়া হলো। **[RB'21]**



(ঘ) কোন ক্ষেত্রে অ্যামিটারের পাঠ বেশি হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

সমাধান

ঘ. এখন, R_3 ও 5Ω সমান্তরালে যুক্ত $\therefore R_P = \left(\frac{1}{30}+\frac{1}{5}\right)^{-1}\Omega = 4.29\Omega$



আবার, R_1 ও R_2 এর জন্য তুল্যরোধ, $R_{P_1} = 6.67\Omega$

$\therefore$ BC যুক্ত থাকলে বর্তনীর তুল্যরোধ, $R = 10.96\Omega$

এখানে, $E_1 + E_2 = 5V$ আবার, $E_3 + E_4 = 5V$

সুতরাং বর্তনীর বিভবপার্থক্য, $V = 5V$ হবে

BC যুক্ত না থাকলে, তড়িৎপ্রবাহ, $I = \frac{E}{R} = \frac{5}{6.67} = 0.136A$

BC যুক্ত না থাকলে, তড়িৎপ্রবাহ, $I_3 = \frac{30^{-1}}{5^{-1}+30^{-1}} \times I = 0.019A$

$\therefore$ BC যুক্ত না থাকলে অ্যামিটারে বেশি পাঠ পাওয়া যাবে।

11. 

[Ctg.B'21]

(গ) বর্তনীর R_3 রোধের মধ্যে দিয়ে প্রবাহিত প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

(ঘ) বর্তনীর **A** ও **B** বিন্দুর মধ্যে বিভব পার্থক্য কোষের তড়িচ্চালক শক্তির সমান হবে কি? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উপস্থাপন কর। ৪

সমাধান

গ. বর্তনীটির তুল্যরোধ $= 150 + (100^{-1} + 200^{-1})^{-1}\ \Omega = 216.67\ \Omega$

বর্তনীর মূল তড়িৎ প্রবাহ, $I = \frac{E}{R} = \frac{12}{216.67} = 0.055\ A$

R_3 রোধের মধ্য দিয়ে মূল প্রবাহই যাবে। $\therefore$ R_3 রোধের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ, $I = 0.055A$

ঘ. 'গ' হতে পাই, তড়িৎ প্রবাহ, $I = 0.055\ A$

A ও B বিন্দুর মধ্যবর্তী অংশে তুল্যরোধ, $R = (100^{-1} + 200^{-1})^{-1}\ \Omega = 66.67\Omega$

$\therefore V_{AB} = IR = 0.055 \times 66.67V = 3.67V$

$V_{AB} < E$ $\therefore$ A ও B বিন্দুর মধ্যে বিভব পার্থক্য তড়িচ্চালক শক্তির চেয়ে কম হবে।

অর্থাৎ বিভব পার্থক্য এবং তড়িৎচ্চালক শক্তি সমান হবে না।

12. 

চিত্রে একটি বৈদ্যুতিক বর্তনী দেখানো হল। [SB'21]

(গ) বর্তনীর প্রবাহমাত্রা **(i)** নির্ণয় কর। ৩

(ঘ) কোন রোধটি অপসারণ করলে বর্তনীর প্রবাহমাত্রা সর্বনিম্ন হবে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। ৪

সমাধান

গ. এখানে, $R_2 \parallel R_3$ $\therefore R_P = \left(\frac{1}{R_2}+\frac{1}{R_3}\right)^{-1} = 60\Omega$

আবার, R_P ও R_1 শ্রেণিতে যুক্ত $\therefore R_S = R_P + R_1 = 100\Omega$

$\therefore$ বর্তনীর প্রবাহমাত্রা, $I = \frac{V}{R_S} = \frac{1}{10}\ A$ **(Ans.)**

ঘ. R_1 রোধকে অপসারিত করলে, বর্তনীর তুল্যরোধ, $R_P = \left(\frac{1}{R_2} + \frac{1}{R_3}\right)^{-1} = 60\Omega$ ∴ বর্তনীর প্রবাহমাত্রা, $I_1 = \frac{10}{60} = \frac{1}{6}$ A

R_2 রোধকে অপসারিত করলে, বর্তনীর তুল্যরোধ, $R_S = R_1 + R_3 = 140\Omega$

∴ বর্তনীর প্রবাহমাত্রা, $I_2 = \frac{10}{140} = \frac{1}{14}$ A

R_3 রোধকে অপসারিত করলে, বর্তনীর তুল্যরোধ, $R_S = R_1 + R_2 = 190\Omega$

∴ বর্তনীর প্রবাহমাত্রা, $I_3 = \frac{10}{190}\Omega = \frac{1}{19}$ A

অতএব, R_3 কে অপসারণ করলে প্রবাহমাত্রা সর্বনিম্ন হবে।

13. **[JB'21]**



(গ) বর্তনী-১ এ রোধের মধ্য দিয়ে কত তড়িৎ প্রবাহিত হবে? ৩

সমাধান

গ.

এখানে, $R_S = (6 + 6)\Omega$
$= 12\Omega$

আমরা জানি, $I = \frac{V}{R_s + r} = \frac{12}{12 + 0.5} = 0.96$ A

তড়িচ্চালক শক্তি, $E = 12V$
তুল্যরোধ, $R_S = ?$
তড়িৎ প্রবাহ, $I = ?$
অভ্যন্তরীণ রোধ, $r = 0.5\Omega$

14. **[CB'21]**



(গ) চাবি S খোলা অবস্থায় বর্তনীর ভোল্টমিটার (V) এর পাঠ নির্ণয় কর। ৩

(ঘ) চাবি S বন্ধ করে দিলে অ্যামিটারের পাঠের কীরূপ পরিবর্তন হয়- গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

সমাধান

গ.



তুল্যরোধ, $Req = 10 + 20 + \frac{30 \times 30}{60} = 45\Omega$

তড়িৎ প্রবাহ, $I = \frac{15}{45} = \frac{1}{3}$A

ভোল্টমিটারের পাঠ $= \left(\frac{1}{3} \times \frac{30 \times 30}{60}\right)V = 5V$

ঘ.



$I = \frac{15}{30} = \frac{1}{2}$ A

অ্যামিটারের পাঠ হবে 0.5 A কারণ, চাবি বন্ধ করলে AP অংশ দিয়ে তড়িৎ প্রবাহ হবে। অন্যদিকে, চাবি 'S' খোলা অবস্থায় অ্যামিটার পাঠ $\frac{1}{3}$ A।

15. 

[Din.B'21]

চিত্রে, তড়িৎ কোষের তড়িৎচালক শক্তি E = 16V এবং অ্যামিটার দ্বারা সর্বোচ্চ 2.25A তড়িৎ প্রবাহ মাপা যায়। পরবর্তীতে 16V এর পরিবর্তে 150V এর ব্যাটারি ব্যবহার করা হলো এবং বর্তনীর অ্যামিটারের পাল্লা 4 গুণ করা হলো।

(গ) 20Ω রোধের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩

সমাধান

গ. বর্তনীর তুল্যরোধ, $R_{eq} = 10 + (10^{-1} + 20^{-1} + 30^{-1})^{-1}\ \Omega = 15.45\ \Omega$

মূল প্রবাহ, $I = \frac{E}{R} = \frac{16}{15.45} = 1.035$ A

20 Ω এর দুই প্রান্তের বিভব পার্থক্য, $V = IR = 1.035 \times (10^{-1} + 20^{-1} + 30^{-1})^{-1} = 5.645$ V

20 Ω এর মধ্যে দিয়ে প্রবাহ, $I_{20\Omega} = \frac{V}{R_{20}} = \frac{5.645}{20}$ A = 0.282 A

16. **চিত্র দুটি পর্যবেক্ষণ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:** **[MB'21]**





(গ) চিত্র-১ হতে A ও B এর দু'প্রান্তে বিভব পার্থক্য নির্ণয় কর। ৩

সমাধান

গ. এখানে R_{CD}, R_{DE} ও R_{EF} শ্রেণিতে বিদ্যমান।

$\therefore R_S = (3 + 6 + 9) = 18\Omega$

আবার, R_s ও R_{CF} সমান্তরালে রয়েছে।

$\therefore R_P = \left(\frac{1}{18} + \frac{1}{6}\right)^{-1}\ \Omega = 4.5\Omega$

আবার বাকী রোধগুলো শ্রেণিতে আছে।

$\therefore$ তুল্যরোধ, $R' = 14.5\Omega$

$\therefore$ A ও B এর মধ্যে বিভব পার্থক্য, $V_{AB} = IR' = 145V$



17. 

[JB'19]

(ঘ) বর্তনীর আউটপুটে (220V – 100W) এর একটি বাল্ব সংযোজন করা হলে বাল্বটির কোনো ক্ষতি হবে কি না যাচাই কর। ৪

সমাধান

ঘ. তুল্য বর্তনীটি হল-

220V – 100W এর বাল্বের ক্ষেত্রে, রোধ, $R = \frac{V^2}{P} = 484\Omega$

বাল্বটির প্রান্তে সাধারণভাবে যে বিভব পার্থক্য থাকলে বাল্বটি অক্ষত থাকবে, $V = 220V$



বর্তনীর আউটপুটে বাল্বটি লগালে-

এক্ষেত্রে বাল্বের দুইপ্রান্তে বিভব পার্থক্য যদি সাধারণ অবস্থার বিভব পার্থক্যের চেয়ে বেশি হয়, তাহলে বাল্বটি নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা থাকবে। এখন, নতুন বর্তনীর ক্ষেত্রে বাল্বের উভয় প্রান্তের বিভব পার্থক্য $V' = 12 \times \frac{484}{484+5.867} V$

$= 11.856V < 220V$ ∴ বাল্বটি অক্ষত থাকবে।



18. **60 Ω রোধের দুটি রোধক শ্রেণিতে যুক্ত করে 120V তড়িৎ উৎসের সাথে যুক্ত করা হলো। পরবর্তীতে রোধক দুটি সমান্তরালে যুক্ত করে একই উৎসের সাথে যুক্ত করা হলো।** [CB'19]

(গ) শ্রেণিযুক্ত অবস্থায় 60 Ω রোধের মধ্য দিয়ে প্রবাহিত প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

(ঘ) কোন সংযোগে একটি নির্দিষ্ট সময়ে বেশি তাপ উৎপন্ন হবে? গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

সমাধান

গ. $I = \frac{E}{R} = \frac{120}{60+60} A = 1\ A$

ঘ. শ্রেণি সংযোগে তুল্য রোধ, $R_{eq} = (60 + 60)\ \Omega = 120\ \Omega$

সমান্তরাল সংযোগে তুল্য রোধ, $R'_{eq} = (60^{-1} + 60^{-1})^{-1}\ \Omega = 30\ \Omega$

শ্রেণি সংযোগের ক্ষেত্রে, তাপ উৎপন্নের হার, $\frac{Q}{t} = \frac{v^2}{R_{eq}} = \frac{120^2}{120} W = 120W$



(ক) শ্রেণি সংযোগের ক্ষেত্রে



(খ) সমান্তরাল সংযোগের ক্ষেত্রে

সমান্তরাল সংযোগের ক্ষেত্রে, তাপ উৎপন্নের হার, $\frac{Q'}{t} = \frac{v^2}{R'_{eq}} = \frac{120^2}{30} W = 480W$

সমান্তরাল সংযোগে নির্দিষ্ট সময়ে বেশি তাপ উৎপন্ন হবে।

19. **উদ্দীপকটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:** [Din.B'19]



(গ) বর্তনীর প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

সমাধান

গ. $I = \frac{E}{r+R} = \frac{9}{15+0.2} A = 0.592\ A$

20. নিচের বর্তনীটি খেয়াল কর: **[DB'17]**



(গ) বর্তনীর প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

(ঘ) **AC** অংশের ভোল্টেজ কারেন্ট লেখচিত্র এবং **XY** অংশের ভোল্টেজ কারেন্ট লেখচিত্র মানসহ খাতায় অংকন কর। ৪

সমাধান

গ. উদ্দীপকের চিত্রানুসারে, $R_s = R_1 + R_2 \therefore R_s = 2 + 4 = 6\Omega$

আবার, $\frac{1}{R_p} = \frac{1}{R_s} + \frac{1}{R_3} = \frac{1}{6} + \frac{1}{3} = \frac{1+2}{6}$ বা, $\frac{1}{R_p} = \frac{1}{2} \therefore R_p = 2\Omega$

এবং $R_{eq} = R_p + R_4 = 2 + 2 \quad \therefore R_{eq} = 4\Omega$

$\therefore$ বর্তনীর প্রবাহমাত্রা, $I = \frac{E}{R_{eq}} = \frac{12}{4} = 3A$

ঘ. 'গ' থেকে প্রাপ্ত AC অংশের তুল্য রোধ, $R_{eq} = 4\Omega$ এবং প্রবাহমান $I = 3amp$

অতএব, AC অংশের বিভব পার্থক্য, $V = IR_{eq} = 3 \times 4 ; V = 12V$

আবার, XY অংশের তুল্যরোধ 'গ' থেকে প্রাপ্ত $R_s = 6\Omega$

XY অংশের প্রবাহমাত্রা, $I_{XY} = \frac{R_3 \times I}{R_s + R_3} = \frac{3\times3}{6+3} = \frac{9}{9}$

$\therefore I_{XY} = 1amp$

এবং, XY অংশের বিভব পার্থক্য,

$V_{XY} = I_{XY} \times R_s = 1 \times 6 ; \ V_{XY} = 6$ volt

XY অংশের জন্য:

$I_{XY} = 1$ amp ; $V_{XY} = 6$ volt ; $R_{XY} = R_s = 6\Omega$

AC অংশের জন্য: $I_{AC} = 3amp ; \ V_{AC} = 12$ volt

$R_{AC} = R_{eq} = 4\Omega$



লেখ: AC ও XY অংশের ভোল্টেজ-কারেন্ট লেখচিত্র।

21. **[RB'17]**



(গ) বর্তনীর **A** বিন্দুতে প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩

(ঘ) কোন রোধকটি অপসারণ করলে বর্তনীর মোট প্রবাহ সর্বোচ্চ হবে–গাণিতিক বিশ্লেষণ সহকারে দেখাও। ৪

সমাধান

গ. বর্তনীটিতে প্রথম ও দ্বিতীয় রোধ সমান্তরাল সমবায়ে সংযুক্ত এবং এর সাথে তৃতীয় রোধ শ্রেণিতে সংযুক্ত। সমান্তরাল সমবায়ের তুল্যরোধ R_P এবং শ্রেণি সমবায়ের তুল্যরোধ R_S হলে,

$\frac{1}{R_P} = \frac{1}{P} + \frac{1}{Q}$ বা, $\frac{1}{R_P} = \frac{1}{100\Omega} + \frac{1}{200\Omega}$

বা, $\frac{1}{R_P} = \frac{2+1}{200\Omega}$ বা, $R_P = \frac{200}{3}\Omega$

$\therefore R_P = 66.67\Omega$

এখানে, বর্তনীর প্রথম রোধ, $P = 100\Omega$
দ্বিতীয় রোধ, $Q = 200\Omega$
তৃতীয় রোধ, $R = 150\Omega$
বিভব পার্থক্য, $V = 12V$
A বিন্দুতে তড়িৎ প্রবাহ, $I = ?$

আবার, $R_S = R_P + R = (66.67 + 150)\Omega = 216.67\Omega$

আমরা জানি, $V = IR_S$ বা, $I = \frac{V}{R_s}$ বা, $I = \frac{12V}{216.67\Omega}$ $\therefore I = 0.0554A$ $\therefore$ A বিন্দুতে প্রবাহিত তড়িৎ 0.0554A.

ঘ. P- রোধ অপসারণ করলে, $R_i = Q + R = 200 + 150 = 350\Omega$ $\therefore$ তড়িৎ প্রবাহ, $I_1 = \frac{V}{R_1} = \frac{12}{350} = 0.034A$

Q- রোধ অপসারণ করলে, $R_2 = P + R = 100 + 150 = 250\Omega$ $\therefore I_2 = \frac{V}{R_2} = \frac{12}{250} = 0.048A$

R-রোধ অপসারণ করলে, $R_3 = \left(\frac{1}{P} + \frac{1}{Q}\right)^{-1} = \left(\frac{1}{100} + \frac{1}{200}\right)^{-1} = 66.67\Omega$ $\therefore I_3 = \frac{V}{R_3} = \frac{12}{66.67} = 0.18A$

$\therefore$ R-রোধ অপসারণ করলেই প্রবাহ সবোচ্চ হবে।

আমরা জানি, তড়িৎ প্রবাহ, $I = \frac{V}{R}$

অর্থাৎ তড়িৎ প্রবাহ রোধের পরিবর্তনের ব্যস্তানুপাতে পরিবর্তিত হয়। রোধের মান যত কম হবে তড়িৎ প্রবাহ তত বেশি হবে। অতএব R রোধটি অপসারণ করলে রোধ সর্বনিম্ন হবে এবং মোট প্রবাহ সর্বোচ্চ পাওয়া যাবে।

এখানে, P ও Q রোধের তুল্যরোধ, $R_P = 66.67\Omega$ $\therefore$ তড়িৎ প্রবাহ, $I = \frac{V}{R_P} = \frac{12V}{66.67\Omega} = 0.18A$

সুতরাং বর্তনীটির মোট সর্বোচ্চ প্রবাহ 0.18A

22. **[Ctg.B'17]**



P ও Q দুটি বর্তনী যার প্রত্যেকটিতে রোধযুক্ত তারের দৈর্ঘ্য 0.5m এবং ব্যাসার্ধ 0.2cm । বর্তনী দুটিতে একই সময় ধরে তড়িৎ প্রবাহিত হচ্ছে।

(ঘ) P ও Q বর্তনীতে একই সময়ে সমপরিমাণ তাপ উৎপন্ন হতে হলে তড়িচ্চালক শক্তি E_1 এর মান E_2 এর চেয়ে বেশি না কম হবে- গাণিতিকভাবে যাচাই কর। ৪

সমাধান

ঘ. P তারের তুল্যরোধ, $R_P = 100 + 100 = 200\Omega$

Q তারের তুল্যরোধ, $\frac{1}{R_Q} = \frac{1}{100} + \frac{1}{100} = \frac{2}{100} = \frac{1}{50}$; $R_Q = 50\Omega$

প্রশ্নমতে, $t_P = t_Q$ এবং $H_P = H_Q$

P তারের প্রবাহ, $I_P = \frac{E_P}{R_P} = \frac{E_P}{200}A$

Q তারের প্রবাহ, $I_Q = \frac{E_Q}{R_Q} = \frac{E_Q}{50}A$

P তারের উৎপন্ন তাপ, $H_P = I_P^2 R_P t_P$

Q তারের উৎপন্ন তাপ, $H_Q = I_Q^2 R_Q t_Q$ $\therefore I_P^2 R_P = I_Q^2 R_Q \Rightarrow \left(\frac{E_P}{200}\right)^2 \times 200 = \left(\frac{E_Q}{50}\right)^2 \times 50$

$\Rightarrow \left(\frac{E_P}{E_Q}\right)^2 = \left(\frac{200}{50}\right)^2 \times \frac{50}{200} = (4)^2 \times \frac{1}{4} = \frac{16}{4}$ $\therefore \frac{E_P}{E_Q} = \sqrt{\frac{16}{4}} = 2$ $\therefore E_P = 2E_Q$

অর্থাৎ, $E_P > E_Q$; E_1 এর মান E_2 এর চেয়ে বেশি হবে।

23. নিচের বর্তনী লক্ষ্য কর: [BB'17]



(গ) বর্তনীর **A** ও **B** বিন্দুর মধ্যে বিভব পার্থক্য নির্ণয় কর। ৩

(ঘ) বর্তনীর **A** ও **B** বিন্দুর মধ্যে একটি রোধহীন তার লাগালে মোট প্রবাহ কত হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

সমাধান

গ. বর্তনীটি R_3 ও R_4 রোধ সমান্তরাল সমবায়ে সংযুক্ত হয়ে বাকিগুলোর সাথে শ্রেণিতে সংযুক্ত।

R_3 ও R_4 এর তুল্যরোধ, R_P হলে, $\frac{1}{R_P} = \frac{1}{R_3} + \frac{1}{R_4}$

বা, $\frac{1}{R_P} = \frac{1}{2000} + \frac{1}{3000}$

বা, $\frac{1}{R_P} = \frac{3000+2000}{2000\times3000}$

বা, $R_P = 1200\Omega$

এখানে, বর্তনীর প্রথম রোধ, $R_1 = 270\ \Omega$

দ্বিতীয় রোধ, $R_2 = 1\ K\Omega = 1000\ \Omega$

তৃতীয় রোধ, $R_3 = 2\ K\Omega = 2000\ \Omega$

চতুর্থ রোধ, $R_4 = 3\ K\Omega = 3000\ \Omega$

পঞ্চম রোধ, $R_5 = 1\ K\Omega = 1000\ \Omega$

তড়িচ্চালক শক্তি, $E = 26V$

A ও B বিন্দুর মধ্যকার বিভব পার্থক্য, $V = ?$

∴ বর্তনীর মোট তুল্যরোধ, R_S হলে, $R_S = R_1 + R_2 + R_P + R_5 = (270 + 1000 + 1200 + 1000)\ \Omega = 3470\ \Omega$

বর্তনীটির তড়িৎ প্রবাহ I হলে, $I = \frac{E}{R_S} = \frac{26V}{3470\Omega} = 0.00749\ A$

এখন, A ও B বিন্দুর মধ্যকার দুটি R_1 ও R_2 এর তুল্যরোধ R_{S_1} হলে,

$R_{S_1} = R_1 + R_2 = (270 + 1000)\Omega = 1270\Omega$

A ও B বিন্দুর মধ্যে বিভব পার্থক্য V হলে, $V = IR_{S_1} = 0.00749A \times 1270\Omega = 9.51V$

∴ বিভব পার্থক্য 9.51 V.

ঘ. A ও B বিন্দুর মধ্যে রোধহীন তার লাগালে R_1 ও R_2 রোধ দুটি থাকবে না [কারণ R_1 ও R_2 short circuit হয়ে যাবে।] তখন বতর্নীর তুল্যরোধ R_S হলে, $R_S = R_P + R_5 = 1200\ \Omega + 1000\ \Omega = 2200\ \Omega$

সুতরাং, বর্তনীর মোট প্রবাহ, $I = \frac{E}{R_S} = \frac{26V}{2200\Omega} = 0.0118\ A$

∴ A ও B বিন্দুর মধ্যে রোধহীন তার লাগালে মোট প্রবাহ হবে 0.0118A.

24. **চিত্রের বর্তনীর মোট প্রবাহ I, C ও F বিন্দুতে 6Ω রোধ যুক্ত করলে বর্তনীর মোট প্রবাহ I_1 হয়। C ও F বিন্দুর রোধটি বিচ্ছিন্ন করে ঐ রোধটিকে 10Ω এর সমান্তরালে যুক্ত করলে বর্তনীর প্রবাহ হয় I_2।** [CB'17]



(গ) চিত্রের বর্তনীর **4Ω** রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য হবে? ৩

(ঘ) $I > I_1 > I_2$ হতে পারে কি-না গাণিতিক বিশ্লেষণপূর্বক তোমার মতামত দাও। ৪

সমাধান

গ. বর্তনীর রোধ তিনটি শ্রেণিতে যুক্ত এদের তুল্যরোধ, $R = R_1 + R_2 + R_3 = 4 + 6 + 10 = 20\Omega$

অভ্যন্তরীণ রোধ, $r = 1\Omega$; তড়িৎচালক শক্তি, $E = 2V$

$\therefore$ মূল প্রবাহ, $I = \frac{E}{R+r} = \frac{2}{20+1} = \frac{2}{21} = 0.095$ $\therefore I = 0.095$ A

4Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য, $V = IR_1 = 0.095 \times 4 = 0.38$ volt

$V = 0.38$ volt



ঘ. উদ্দীপকের বর্তনীর মূল প্রবাহ, $I = 0.095A$ [গ নং হতে]

C ও F বিন্দুতে 6Ω রোধ যুক্ত করলে বর্তনীর মোট প্রবাহ I_1।

সেক্ষেত্রে মোট তুল্য রোধ, $R = \{(4+6)|6\} + 10$

$= (10|6) + 10 = (10^{-1} + 6^{-1})^{-1} + 10 = 13.75\Omega$

$\therefore I_1 = \frac{E}{R+r} = \frac{2}{13.75+1} = 0.136A$

অতএব, $I_1 > I$



এমন, C ও F বিন্দুতে 6Ω রোধটিকে বিচ্ছিন্ন করে তাকে 10Ω এর সমান্তরালে যুক্ত করলে, এক্ষেত্রে $10|6 = 3.75\Omega$

$\therefore$ মোট রোধ, $R = 4 + 6 + 3.75\Omega = 13.75\Omega$

$\therefore I_2 = \frac{2V}{13.75\Omega + 1\Omega} = 0.136A$

এখানে, $I_1 = I_2$, কিন্তু, I_1 ও $I_2 > I$.

অতএব, $I > I_1 > I_2$ হতে পারে না।



Type-03: বিদ্যুৎ কোষের সমবায়

Concept:

শ্রেণি সমবায়	সমান্তরাল সমবায়	মিশ্র সমবায়
$I_s = \frac{nE}{R+nr}$; n = কোষের সংখ্যা।  $R \gg r$ অর্থাৎ, বাহ্যিক রোধের মান অভ্যন্তরীণ রোধের তুলনায় অনেক বেশি হলে, $I_s = \frac{nE}{R} = nI$ অর্থাৎ, সিরিজে যুক্ত অবস্থায় মোট প্রবাহ একটি কোষ থেকে প্রাপ্ত প্রবাহের n গুণ হয়।	$I_p = \frac{E}{R+\frac{r}{m}} = \frac{mE}{mR+r}$ [m হল মোট কোষ সংখ্যা]  $R \ll r$ অর্থাৎ অভ্যন্তরীণ রোধ, বাহ্যিক রোধের তুলনায় অনেক বেশি হলে, $I_p = \frac{mE}{r} = mI$ অর্থাৎ, যতগুলো কোষযুক্ত করা হবে প্রবাহ ততগুণ হয়ে যায়।	$I = \frac{mnE}{mR+nr}$ [যেখানে, m = সারির সংখ্যা এবং n = প্রত্যেক সারিতে কোষের সংখ্যা] এবং সর্বাধিক বিদ্যুৎ প্রবাহের জন্য, $mR = nr$ 

গাণিতিক MCQ প্রশ্ন ও সমাধান

01. তড়িৎ কোষের সমান্তরালে সমবায়ে $nR \gg r$ হলে বর্তনীর প্রবাহ, $I_p = ?$ **[DB'21][Ans: a]**

(a) $\frac{E}{R}$ (b) $\frac{nE}{R}$

(c) $\frac{E}{nR}$ (d) $n\left(\frac{E}{r}\right)$

02. n সংখ্যক E তড়িচ্চালক বলের কোষকে শ্রেণিতে যুক্ত করলে প্রবাহ i হবে (কোষের অভ্যন্তরীণ রোধ r ও বহিঃবর্তনীর রোধ R)। **[SB'21][Ans: a]**

(a) $i = \frac{nE}{R+nr}$ (b) $i = \frac{nE}{nR+r}$

(c) $i = \frac{nE}{nR+nr}$ (d) $i = \frac{nE}{R+\frac{r}{n}}$

নিচের চিত্র লক্ষ কর এবং পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



E = 10V
r = 0.5Ω
চিত্র-১

03. চিত্র-২ এর AB কোষটিকে চিত্র-১ এর কোষের সাথে সমান্তরালভাবে যুক্ত করলে বহিঃস্থ রোধ R_p-এ উৎপন্ন তাপশক্তির হার– **[RB'17]**

(a) 8.523 W (b) 9.518 W (c) 9.75 W (d) 10 W

সমাধান: (b); $i = \frac{nE}{nR+r} = \frac{2\times10}{2\times10+0.5} = 0.9756A$

বহিঃস্থ রোধে, $P = i^2R_p = (0.9756)^2 \times 10 = 9.518$ W

গাণিতিক CQ প্রশ্ন ও সমাধান

01. **[JB'21]**



বর্তনী-ক বর্তনী-খ

$X = 5V, r = 0.2\Omega, R = 40\Omega$

(গ) 'ক' বর্তনীতে তড়িৎ প্রবাহ মাত্রা কত? ৩

(ঘ) কোন বর্তনীতে বেশি শক্তি অপচয় হবে, গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

সমাধান

গ.

আমরা জানি,

$I = \frac{nE}{nr+R}$

$= \frac{3\times5}{3\times0.2+40}A$

$= 0.3695$ A Ans.

অভ্যন্তরীণ রোধ, $r = 0.2\ \Omega$
তড়িচ্চালক বল, $E = 5V$
রোধ, $R = 40\Omega$
তড়িৎ প্রবাহ, $I = ?$
$n = 3$

ঘ.

বর্তনী-ক এ তড়িৎ প্রবাহ মাত্রা, $I = 0.3695$ A

$V = 0.2\Omega$
$R = 40\ \Omega$

বর্তনীর মোট রোধ, $R_S = nr + R = 3 \times 0.2 + 40 = 40.6\ \Omega$

∴ শক্তি অপচয় $= I^2R_S = 5.543$ W

বর্তনী-খ এ তড়িৎ প্রবাহমাত্রা, $I' = \frac{mE}{mR+r} = 0.125$ A

$E = 5V$
$n = 3$

বর্তনীর মোট রোধ, $R_P = nR + r = 120.2\Omega$

∴ শক্তির অপচয় $= I^2R_P = 1.878$ W

∴ বর্তনী-ক এ অপচয় বেশি ঘটবে।

02. **2V তড়িচ্চালক শক্তি ও 1Ω অন্তঃরোধবিশিষ্ট 5টি তড়িৎ কোষকে শ্রেণিতে সাজিয়ে 25°C তাপমাত্রার 60Ω রোধবিশিষ্ট একটি পরিবাহী তারের সাথে যুক্ত করা হলো। পরিবাহী তারে রোধের উষ্ণতার গুণাঙ্ক $4.2 \times 10^{-3}/°C$।** **[MB'21]**

(ঘ) উদ্দীপকের সকল তড়িৎ কোষগুলোকে সমান্তরালে সাজিয়ে একইভাবে যুক্ত করলে প্রবাহের পরিবর্তন কীরূপ হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সমাধান

ঘ.

সকল তড়িৎ কোষকে শ্রেণিতে সংযুক্ত করলে তড়িৎপ্রবাহ,

$I_S = \frac{nE}{nr+R} = 0.1538A$

সকল তড়িৎ কোষকে সমান্তরালে সংযুক্ত করলে

তড়িৎপ্রবাহ, $I_P = \frac{mE}{mR+r} = 0.0332\ A$

∴ সমান্তরালভাবে সংযুক্ত করলে তড়িৎপ্রবাহ হ্রাস পাবে।

দেওয়া আছে,
তড়িচ্চালক শক্তি, $E = 2V$
অভ্যন্তরীণ রোধ, $r = 1\Omega$
বাহ্যিক রোধ, $R = 60\Omega$
$n = 5$

03. [DB'19]



বর্তনী–ক



বর্তনী–খ

(গ) বর্তনী ক-এর ক্ষেত্রে I_s- এর মান কত? ৩

(ঘ) বর্তনী ক ও খ-এর মধ্যে কোনটির বহিঃরোধ বেশি উত্তপ্ত হবে? বিশ্লেষণ কর। ৪

সমাধান

গ. $I_s = \frac{nE}{nr+R} = \frac{2\times1.5}{2\times0.5+10} = 0.27A$

ঘ. বর্তনী 'খ' এর ক্ষেত্রে, $E_p = 1.5V$

$\frac{1}{R_p} = \frac{1}{0.3} + \frac{1}{0.3} + \frac{1}{0.3} = \frac{3}{0.3} = \frac{1}{0.1}$ $\therefore R_p = 0.1\Omega$



$\therefore I'_s = \frac{1.5}{10+0.1}A = 0.149A$

যেহেতু, দুইটি বর্তনীর বহিঃরোধের মান একই, সুতরাং, বর্তনী 'ক' এর বহিঃরোধের মধ্য দিয়ে তুলনামূলক বেশি তড়িৎ প্রবাহিত হওয়ায় 'ক' বর্তনীর বহিঃরোধ বেশি উত্তপ্ত হবে।

